



স্কুল ট্যাক্স রিলিফ (School Tax Relief, STAR) ক্রেডিটের জন্য নিবন্ধন করুন

আপনার নতুন বাড়ির জন্য অভিনন্দন! এটি যদি আপনার মূল ঠিকানা হয়ে থাকে, তাহলে কয়েক মিনিট সময় নিয়ে STAR ক্রেডিটের জন্য নিবন্ধন করুন।

উপযুক্ত নতুন বাড়ির মালিকরা নিউ ইয়র্ক স্টেট থেকে সরাসরি একটি চেকের মাধ্যমে তাদের STAR সেভিংস গ্রহণ করতে পারবেন।

কিন্তু STAR ক্রেডিট চেক পেতে হলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিপার্টমেন্টে (New York State Tax Department) নিবন্ধন করতে হবে।

সপ্তাহের 7 দিন 24 ঘণ্টা আপনি নিচের লিঙ্কে গিয়ে নিবন্ধন করতে পারবেন
www.tax.ny.gov/star

যে সকল সম্পত্তির মালিকের কম্পিউটার ব্যবহারের সুযোগ নেই তারা কর্মদিবসগুলোতে সকাল 8:30 টা থেকে বেলা 4:30 টার ভেতরে 518-457-2036 নম্বরে ফোন দিয়ে নিবন্ধন করতে পারবেন।

আপনি কি STAR এর যোগ্য?

আপনি যদি আপনার বাড়ির মালিক হন, সেটি আপনার মূল ঠিকানা এবং যদি আপনার আয় \$500,000 বা তার কম হয়, তাহলে আপনি মূল STAR ক্রেডিটের জন্য যোগ্য।
পাশাপাশি, যদি আপনি 65 বা তার অধিক বয়সী হন এবং আপনার আয় \$88,050 বা তার কম হয়, তাহলে আপনি বর্ধিত STAR ক্রেডিটের জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারেন।
নতুন বাড়ির প্রথম বছরে আপনি পূর্বের মালিকের STAR এর অব্যাহতি পেতে পারেন। পরবর্তী বছরগুলোতে, যতদিন আপনি উপযুক্ত থাকবেন, আমরা আপনাকে একটি STAR চেক পাঠাবো। আপনাকে আবার নিবন্ধন করতে হবে না।

নিবন্ধনের আগে এই তথ্যগুলো হাতে রাখুন:

- সম্পত্তির সকল মালিকের ও তাদের স্বামী/স্ত্রীর নাম ও সামাজিক নিরাপত্তা নম্বর।
- সকল মালিকের ও তাদের স্বামী/স্ত্রীর মূল ঠিকানা
- সম্পত্তি কেনার আনুমানিক তারিখ এবং বিক্রয়তারের নাম; যদি থেকে থাকে তাহলে সবচেয়ে সাম্প্রতিক স্কুল ট্যাক্স বিল।
- অন্য কোনো স্টেটে কোনো আবাসিক সম্পত্তির মালিকানা থাকলে তার ঠিকানা; যদি সম্পত্তিটি কোনো ট্রাস্টের মালিকানাধীন হয় তাহলে ট্রাস্টের বৈধ নাম।
- সকল মালিকের জন্য 2018 ফেডারেল বা স্টেট আয়কর রিটার্ন (যদি আপনি 2018 আয়কর ট্যাক্স রিটার্ন প্রদান না করে থাকেন, তাহলে আপনাকে আর্থিক তথ্য দিতে বলা হবে)

আমাদের ইউজারগুলো থেকে STAR নিবন্ধনের জন্য আবেদনের ব্যপারে আপনার প্রতিক্রিয়া জানান:

‘সরলসোজা ও ব্যবহার করা খুব সহজ।’

‘খুবই ইউজার বান্ধব। ধাপে ধাপে যাওয়া খুব সহজ।’

‘আমি আশা করেছিলাম এটি খুব দীর্ঘ একটি প্রক্রিয়া হবে... কিন্তু তা ছিল না।’